

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯০৬

খোয়াই, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

চামুবস্তিতে এলাকাসীদেৰ সাথে ৰাজ্যপালেৰ মতবিনিময়



ৰাজ্যপাল ইন্দ্রসেনা ৰেডিড নাৰ্লু আজ সকালে খোয়াইয়েৰ তুলাশিখৰ ব্লকেৰ বনবাজাৰেৰ স্থানীয় ভাৰত-বাংলাদেশ সীমান্ত সংলগ্ন চামুবস্তি পৰিদৰ্শনে যান। পৰিদৰ্শনকালে তিনি চামুবস্তি লব তেলেঙ্গাৰ লেইকেৰ পাড়ে এলাকাসীদেৰ সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলাশাসক চাঁদনী চন্দ্রন, পুলিছ সুপাৰ ড. ৰমেশ যাদব, তুলাশিখৰ বিএসি'ৰ চেয়াৰম্যান প্ৰদীপ দেববৰ্মা প্ৰমুখ। সভাৰ শুৰুতে লেইক সংলগ্ন শিলাফলকমে ৰাজ্যপাল মাল্যদান কৰেন। মতবিনিময় সভায় বনবাজাৰ ভিলেজেৰ পঞ্চায়েত সচিব উমাচৰণ দেববৰ্মা ভিলেজ এলাকাৰ বিভিন্ন উন্নয়নমূলক প্ৰকল্পেৰ বিষয়ে এবং বিদ্যালয় পৰিদৰ্শক বিজয় কুমাৰ দেববৰ্মা বিদ্যালয়েৰ পঠনপাঠন বিষয়ে ৰাজ্যপালকে অবহিত কৰেন।

সভায় ৰাজ্যপাল বলেন, ভিলেজ এলাকায় কেন্দ্ৰীয় সৰকাৰেৰ বিভিন্ন উন্নয়নমূলক কাজ কিভাবে বাস্তবায়িত হচ্ছে এবং প্ৰধানমন্ত্ৰী আবাস যোজনা (গ্ৰামীণ) গৃহ নিৰ্মাণ, পানীয়জল, ৰাস্তা নিৰ্মাণ, বিদ্যুৎ পৰিকাঠামোৰ সম্প্ৰসাৰণ ইত্যাদি সম্পৰ্কে অবহিত হয়েছেন। মতবিনিময় সভায় ৰাজ্যপাল ব্লক এলাকায় স্ব-সহায়ক দলকে আৰও উৎসাহিত কৰতে, প্ৰধানমন্ত্ৰী আবাস যোজনা (গ্ৰামীণ) গৃহ নিৰ্মাণ, পঞ্চায়েত এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ, সামাজিক ভাতা, বিদ্যালয়েৰ ছাত্ৰছাত্ৰীদেৰ স্কলারশিপ, এলাকায় জলসেচৰ সুবিধা, পানীয় জলেৰ সম্প্ৰসাৰনেৰ জন্য আৰও আন্তৰিকতাৰ সাথে কাজ কৰতে এবং প্ৰাণীপালনে মানুষকে আৰও বেশী কৰে উৎসাহিত কৰতে পৰামৰ্শ দেন। সভা শেষে ৰাজ্যপাল চামুবস্তিতে এমজিএন ৰেগায় কমিউনিটি লেইক সংলগ্ন ইটসলিং ৰাস্তা পৰিদৰ্শন কৰেন। এৰ পৰ ৰাজ্যপাল চামুবস্তিৰ বনদুৰ্গা চন্দনী হাঁড়ি, অল্লো হাঁড়ি, ললিতা হাঁড়ি, সত্য হাঁড়িৰ বাড়ী পৰিদৰ্শন কৰেন ও সুবিধাভোগীদেৰ প্ৰাপ্ত প্ৰধানমন্ত্ৰী আবাস যোজনা (গ্ৰামীণ) নিৰ্মাণমান গৃহ সৰেজমিনে ঘূৰে দেখেন ও সুবিধাভোগীদেৰ সাথে মতবিনিময় কৰেন। এৰ পৰ ৰাজ্যপাল ধনুবস্তিতে ৰেণু চাষাৰ বাড়িতে পৰিদৰ্শন কৰেন ও মতবিনিময় কৰেন। এৰ পৰ ৰাজ্যপাল আশাৰামবাড়ি ১১৯নং বিএসএফ বিওপিতে যান। সেখানে ৰাজ্যপাল একটি বৃক্ষৰোপন কৰেন।
